



## হাদির মৃত্যুতে গভীর শোক জানালেন প্রধান বিচারপতি



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির মর্মান্তিক মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ। এক শোকবার্তায় তিনি বলেন, হাদির অকাল প্রয়াণে দেশ একজন সাহসী ও স্পষ্টভাষী কণ্ঠস্বরকে হারিয়েছে। শোকবার্তায় প্রধান বিচারপতি বিচার বিভাগের পক্ষ থেকে মরহুমের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকাহত পরিবার-পরিজনের প্রতি গভীর সমবেদনা জানান। তিনি মহান আল্লাহর কাছে প্রার্থনা করেন, যেন তিনি মরহুমকে জালাতুল ফেরদৌস নসিব করেন। উল্লেখ্য, শরিফ ওসমান হাদি গুলিবিদ্ধ হয়ে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুরে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর) রাত পৌনে ১০টার দিকে তিনি শাহাদাত বরণ করেন।

# LENS ASIA